

 এপিএস গ্রুপ ১০৬, পূর্ব ফায়দাবাদ, দক্ষিণখান, ঢাকা - ১২৩০।	পলিসির নাম : Company Code of Conduct (কোম্পানী আচরণবিধি)
	কার্যকর তারিখঃ ০১/০৬/২০১৮ ইং সংশোধনের তারিখ ০১/০৬/২০১৯ ইং
	পুনরায় নবায়নের তারিখ : ০১/০৬/২০২০ ইং
এই পলিসি কার্যকর করার দায়িত্বশীল ব্যক্তি	ব্যবস্থাপনা পরিচালক, চেয়ারম্যান, নির্বাহী পরিচালক, মহা-ব্যবস্থাপক (প্রশাসন), ব্যবস্থাপক (কমপ্লায়েন্স), ওয়েল-ফেয়ার অফিসার এবং সংশ্লিষ্ট সকলে।

Company Code of Conduct (কোম্পানী আচরণবিধি)

Introduction (ভূমিকা):

APS Group is one of the largest knitwear manufacturer and exporter establishments of the country. The reputation of this establishment is internationally recognized too. A huge number of male and female workers are in this establishment. APS Group is cordially committed to preserve a specific code of conduct in workplace. This establishment is respectful to local and international law and customs and the code of conducts of several buyers. The authorities are committed to keep/preserve human right, law and customs alongside ensuring friendly environment and safe workplace. All the production units of APS Group are committed to implement the code of conducts mentioned below: এপিএস গ্রুপ দেশের একটি অন্যতম বৃহত পোশাক প্রস্তুত ও রপ্তানীকারক প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানের খ্যাতি আন্তর্জাতিক ভাবেও স্বীকৃত। এপিএস গ্রুপ বিপুল সংখ্যক পুরুষ ও মহিলা শ্রমিক-কর্মচারী রয়েছে। কর্মস্থলে একটি সুনির্দিষ্ট আচরণবিধি বজায় রাখতে এপিএস গ্রুপ আন্তরিকভাবে সচেষ্ট। দেশের প্রচলিত আইন, রীতিনীতি, আন্তর্জাতিক আইন রীতি এবং বিভিন্ন ভাবে তার নির্দেশিত আচরণবিধির প্রতি অত্র প্রতিষ্ঠান শ্রদ্ধাশীল। পরিবেশ বান্ধব, নিরাপদ কর্মস্থল নিশ্চিত করনের পাশাপাশি প্রতিটি ফ্যাক্টরিতে মানবাধিকার, আইন ও রীতিনীতি যথাযথ বাস্তবায়নে কর্তৃপক্ষ অঙ্গীকারাবদ্ধ। এপিএস গ্রুপ, এর অন্তর্গত সকল প্রডাকশন ইউনিট সমূহ নিম্নলিখিত অঙ্গীকার/আচরণবিধি সমূহ বাস্তবায়নে অঙ্গীকারাবদ্ধ :

1. Ethical Standard & Respect to Law & Practice

(নৈতিকতা ও আইন এবং রীতিনীতির প্রতি শ্রদ্ধা):

APS Group keeps/preserves/maintains values and morality in its every step and activities. The establishment follows local and international laws and customs. APS Group along with its all production units is committed to follow the code of conducts of several buyers. এপিএস গ্রুপ তার প্রতিটি কর্মকাণ্ড ও পদক্ষেপে নৈতিকতা ও মূল্যবোধ বজায় রাখে। কোম্পানী দেশীয় ও আন্তর্জাতিক আইন, রীতিনীতি অনুসরণ করে। বিভিন্নভাবে তার নির্দেশিত আচরণবিধি যথাযথভাবে অনুসরণের ক্ষেত্রে এপিএস গ্রুপ সহ তার সকল প্রডাকশন ইউনিট সমূহ অঙ্গীকারাবদ্ধ।

2. Regular Employment /Recruitment (নিয়মিত কর্মসংস্থান/নিয়োগ) : APS Group believes that

productiveness depends on the skilled man power. For the purpose of recruiting appropriate person for appropriate work this establishment conducts recruitment activities through a neutral, faultless & participatory recruitment procedure. এপিএস গ্রুপ বিশ্বাস করে যে, দক্ষ জনবলের উপরই উৎপাদনশীলতা নির্ভরশীল। সঠিক কাজের জন্য সঠিক ব্যক্তি নিয়োগের উদ্দেশ্যে অত্র প্রতিষ্ঠান সব সময় একটি নিরপেক্ষ, নিখুঁত ও অংশগ্রহণমূলক নিয়োগ পদ্ধতির মাধ্যমে নিয়মিত কর্মসংস্থান/নিয়োগকার্য পরিচালনা করে থাকে।

3. Child Labor (শিশুশ্রম):

APS Group engages no child laborer in any work of the factories. To justify the age of the concerned workers it is mandatory to submit the copy of national identity card, birth certificate, educational certificate. এপিএস গ্রুপ শিশু শ্রমিককে কারখানার কোন কাজে নিয়োজিত করে না। বয়সের সত্যতা যাচাই এর উদ্দেশ্যে সংশ্লিষ্ট শ্রমিক কর্তৃক জাতীয় পরিচয় পত্র, জন্মনিবন্ধন সনদ/শিক্ষাগত যোগ্যতার সনদ (শিক্ষা বোর্ডের সনদ)/স্কুল পরিত্যাগ ছাড়পত্র/স্থানীয় সরকার কর্তৃপক্ষ কর্তৃক পদন্ত সনদ চাকুরীর আবেদনের সময় উপস্থাপন করা বাধ্যতামূলক।

4. Forced Labor/Bonded Labor (জোরপূর্বক শ্রম/বলপূর্বক শ্রম):

In APS Group forced labor is strictly forbidden. During the work it is mandatory to keep every exit and entrance open. APS Group keeps apart from appointing imprisoned, contracted and part time laborers. APS Group engages no worker in any work against his will. Besides APS Group does not engage in work the imprisoned laborers, laborers out of prison but contracted to court or the laborers who are unwilling to work for any other reason. এপিএস গ্রুপ বাধ্যতামূলক বা জোর পূর্বক শ্রম আদায় নিষিদ্ধ। কাজ

চলাকালীন ফ্যাক্টরীর প্রতিটি প্রবেশ/বাহির পথ খোলা রাখা বাধ্যতামূলক। ফ্যাক্টরীসমূহ বন্দী শ্রমিক, চুক্তিবদ্ধ শ্রমিক, খন্ডকালীন শ্রমিক নিয়োগ থেকে সম্পূর্ণভাবে বিরত থাকে। কোন শ্রমিককে তার ইচ্ছার বিরুদ্ধে এপিএস গ্রুপ এ নিয়োগ করা কঠোরভাবে নিষিদ্ধ করা হয়েছে। তাছাড়া কারা বন্দী,অথবা কারাগারের বাহিরে কিন্তু আদালতের সাথে চুক্তিবদ্ধ বা চুক্তিপত্রে আবদ্ধ কিংবা অন্য যে কোন কারণে অনিচ্ছুক শ্রমিককে কাজে ব্যবহার করে না।

5. Discrimination (বৈষম্যমূলক আচরণ):

In APS Group recruitment, promotion, increment are done on the basis of one's qualification. There is no discrimination here because of the difference of gender, religion, color, language, and race. Equal right is ensured for male and female. এপিএস গ্রুপ শ্রমিক নিয়োগ,পদন্নোতি,বেতন বৃদ্ধি যোগ্যতার ভিত্তিতে করা হয়। এখানে লিঙ্গ,ধর্ম,বর্ণ,ভাষা,জাতি ভেদে কোন বৈষম্য করা হয় না। নরী-পুরুষের সমান অধিকার নিশ্চিত করা হয়।

6. Harassment & Abuse (হয়রানি ও নির্যাতন):

We try our level best to ensure any kind of harassment free working conditions in APS Group along with physical, verbal, mental, sexual harassment. Every worker of the company is treated respectfully. এপিএস গ্রুপ এ শারীরিক,মৌখিক,মানসিক ও যৌন হয়রানীসহ যে কোন ধরনের হয়রানী এবং নির্যাতন মুক্ত কাজের পরিবেশ নিশ্চিত করতে আমরা সচেষ্ট। কোম্পানীর প্রতিটি শ্রমিক কর্মচারীর সাথে সম্মান ও শ্রদ্ধাপূর্ণ আচরণ করা হয়।

7. Working Hours(কাজের সময়):

No worker is allowed to work over 60 hours a week and average 56 hours a year. Here it is mentionable that as per the notification of the Govt. work up to 72 hours per week is allowed for the special/emergency cause. All the officers, staffs and workers enjoy one day off without fail among seven days. The company engages no female worker in work from 10:00 pm to 06:00 am without their consent.কোন শ্রমিককে প্রতি সপ্তাহে ৬০(ষাট) ঘন্টার উপর এবং এক বছরে সপ্তাহে গড়ে ৫৬ ঘন্টার উপর কাজ করার অনুমোদন প্রদান করা হয় না। এখানে উল্লেখ্য যে, সরকারী প্রজ্ঞাপন মোতাবেক কোম্পানীর বিশেষ প্রয়োজনে বা জরুরী মত্বূর্তে সপ্তাহে ৭২ ঘন্টা পর্যন্ত কাজ করা যাবে। সকল কর্মকর্তা,কর্মচারী ও শ্রমিক প্রতি ৭(সাত) দিনের মধ্যে ন্যূনতম ১(এক) দিন অবশ্যই সাপ্তাহিক ছুটি ভোগ করে। কোম্পানী রাত ১০(দশ) ঘটিকা থেকে সকাল ৬(ছয়) ঘটিকা পর্যন্ত কোন মহিলা শ্রমিককে তাদের সম্মতি ব্যতিরেকে কাজে নিয়োজিত করে না।

8. Health and Safety (স্বাস্থ্য ও নিরাপত্তা):

APS Group ensures safe and hygienic working environment/conditions for workers and staffs. Necessary description about this has been given in health and safety policy. The company takes necessary steps to identify risk and hindrance on the way of ensuring safe and hygienic working conditions/environment. এপিএস গ্রুপ এর শ্রমিক এবং কর্মচারীদের নিরাপদ ও স্বাস্থ্য সম্মত কর্মপরিবেশ নিশ্চিত করে। কোম্পানীর স্বাস্থ্য ও নিরাপত্তা নীতিমালায় এ সম্পর্কিত প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেছে। নিরাপদ ও স্বাস্থ্যসম্মত কর্মস্থল নিশ্চিতকরণের পথে প্রতিবন্ধকতা ও ঝুঁকি সমূহ চিহ্নিতকরণ ও তাৎক্ষণিকভাবে দূরীকরণে কোম্পানী যথাযথ উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণ করে থাকে।

9. Wages & and Benefits (বেতন ও সুবিধাদি):

In APS Group the salary of workers is fixed up according to the gazette and notification of People's Republic of Bangladesh. They are issued pay slip before paying their salary. Besides these they enjoy annual increment, festival bonus, attendance bonus, maternity benefits.

Besides over time is voluntary and over time compensation is paid with monthly salary according to the existing labor law.

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বেতন ভাতা গেজেট নোটিফিকেশন অনুযায়ী এপিএস গ্রুপ এ কর্মরত শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা নির্ধারণ করা হয়। বেতন-ভাতা প্রদানের পূর্বে প্রত্যেককে পে-স্লিপ দেওয়া হয়। এছাড়াও বাৎসরিক ইনক্রিমেন্ট,উৎসব বোনাস,হাজিরা বোনাস,মাতৃত্বকালীন সুবিধা প্রদান করা হয়।

এছাড়াও কোম্পানীতে অতিরিক্ত কাজ স্বেচ্ছাভিত্তিক এবং অতিরিক্ত কাজের ক্ষেত্রে দেশের প্রচলিত শ্রম আইনের আলোকে অতিরিক্ত কাজের জন্য প্রাপ্য ভাতা মাসের বেতনের সাথে পরিশোধ করা হয়।

10. Environment (পরিবেশ): APS Group is always careful of maintaining all the environmental rules and regulations in. In the environment policy of the company it is given importance on environment. This company stays far from any kind of activities which are harmful for the persons engaged in work

and the environment of outside area of the company. Taking necessary steps along with afforestation and garbage refinement APS Group keeps contribution on environment. এপিএস গ্রুপ পরিবেশগত বিধি-বিধান যথাযথভাবে মানতে সর্বদাই সচেষ্ট। কোম্পানীর পরিবেশ সংক্রান্ত নীতিমালায় পরিবেশ সংরক্ষণের উপর গুরুত্ব আরোপ করা হয়। কোম্পানীতে কর্মরত ব্যক্তিবর্গ এবং পার্শ্ববর্তী এলাকার পরিবেশের জন্য ক্ষতিকর যে কোন কর্মকাণ্ড থেকে এই কোম্পানী বিরত থাকে। বৃক্ষরোপণ বর্জ্য পরিশোধনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এপিএস গ্রুপ পরিবেশ সংরক্ষণে ভূমিকা রাখছে।

11. Freedom of Association (সংগঠন করার স্বাধীনতা):

APS Group gives freedom to its all employees to form association in a legal and peaceful way. The workers and staffs are helped to express their opinion freely to form welfare fund and worker forum. এপিএস গ্রুপ তার কর্মরত শ্রমিক কর্মচারীদের আইন সঙ্গত ও শান্তিপূর্ণভাবে সংগঠন করার স্বাধীনতা প্রদান করে। স্বাধীনভাবে মত প্রকাশ, মুক্তচর্চা, কল্যাণ সমিতি/শ্রমিক ফোরাম গঠন ইত্যাদিতে শ্রমিক কর্মচারীদের যথাযথ সহায়তা প্রদান করা হয়।

12. Disciplinary Practices (শৃঙ্খলামূলক ব্যবস্থা):

APS Group takes disciplinary action against workers in accordance with labor law. It is strictly forbidden to punish physically violating human rights. কোম্পানী প্রয়োজনে প্রচলিত শ্রম আইনের আলোকে শ্রমিক-কর্মচারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে থাকে। মানবাধিকার লঙ্ঘন পূর্বক শারীরিক শাস্তি প্রদান কঠোরভাবে নিষিদ্ধ করা হয়েছে।

13. Social Commitment (সামাজিক দায়বদ্ধতা):

APS Group participates in social cultural activities actively. The company proclaims unity of the general people paying economic help in developing school, college and hospital. APS Group is committed to several socio welfare along with participating in sports activities, garments and relief distribution among the destitute. এপিএস গ্রুপ সমাজ কল্যাণমূলক কর্মকাণ্ডে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে। স্কুল, কলেজ ও হাসপাতালের উন্নয়নে আর্থিক সহায়তা প্রদান পূর্বক স্থানীয় জনসাধারণের একাত্মতা ঘোষণা করে। দুঃস্থ ও দুর্গতদের মাঝে ত্রাণ ও পোশাক বিতরণ ও খেলাধুলা কার্যক্রমে অংশগ্রহণ সহ বিভিন্নভাবে সামাজিক কল্যাণে এপিএস গ্রুপ অঙ্গীকারবদ্ধ।

14. Honesty & Transparency (সততা ও সচ্ছতা):

APS Group believes that it is keeping a special contribution to make a safe and constant environment dejecting bribe and corruption inside the establishment. APS Group inspires its officers and staffs to report any kind of doubtful activities. Otherwise if taking bribe and corruption is proved against employee, as early as possible he is punished conducting judicial proceedings and if needed, he is suspended. APS Group follows the honesty and transparency principle strictly about the doubtful and illegal activities. এপিএস গ্রুপ বিশ্বাস করে যে, প্রতিষ্ঠানের মধ্যে যে কোন প্রকার ঘুষ ও দুর্নীতিকে নিরুৎসাহিত করে একটি নিরাপদ ও স্থিতিশীল পরিবেশ তৈরি করতে বিশেষ ভূমিকা পালন করছে। এপিএস গ্রুপ তার কর্মকর্তা ও কর্মচারীদের যে কোন সন্দেহজনক কার্যকলাপ রিপোর্ট করতে উৎসাহিত করে। অন্যথায় কোন কর্মচারীর বিরুদ্ধে ঘুষ ও দুর্নীতির প্রমাণ পাওয়া গেলে অবিলম্বে উক্ত কর্মচারীর বিরুদ্ধে যথাযথ বিচারকার্য শুরু করে শাস্তি প্রদান এবং প্রয়োজনে বহিষ্কার করা হয়। এপিএস গ্রুপ সন্দেহজনক ও বে-আইনী কার্যক্রমে সংক্রান্ত বিষয়ে সততা এবং স্বচ্ছতা নীতি কঠোরভাবে অনুসরণ করে।

15. Subcontract (সাবকন্ট্রাক্ট) : Ethically APS Group doesn't do any subcontract work. But different kinds of accessories are bought from the companies approved by the buyers. But it is mentionable that if any company wishes to do subcontract work from us, they have to abide by the COC of us and buyers and the buyers should be informed. Subcontract work has to be done only through buyer approval, not in another way. নীতিগতভাবে এপিএস গ্রুপ কোন সাবকন্ট্রাক্ট কাজ করে না। তবে বিভিন্নভাবে এক্সেসরিজ অবশ্যই বায়্য কর্তৃক মনোনীত ও অনুমোদিত সরবরাহকারী প্রতিষ্ঠান থেকে কেনা হয়। তবে উল্লেখ্য যে প্রয়োজনে কোম্পানী কোন সাবকন্ট্রাক্ট করতে চাইলে অবশ্যই সেই কোম্পানীকে আমাদের সিওসি এবং বায়ার সিওসি মেনে চলতে হবে এবং উক্ত তথ্য অবশ্যই বায়ারদের অবহিত করতে হবে। শুধুমাত্র বায়ারদের অনুমোদন সাপেক্ষে সাবকন্ট্রাক্ট করা যাবে অন্যথায় নয়।

16. Security (নিরাপত্তা):

APS Group maintains its security system so that drug, explosive and prohibited substance do not go with shipment. To ensure internal safety and to stop the entrance of outsiders into the factory the security guards are deployed in several points twenty four hours. এপিএস গ্রুপ তার প্রত্যেকটি প্রতিষ্ঠানে নিরাপত্তা পদ্ধতি বজায় রাখে যাতে নিষিদ্ধ কোন দ্রব্য(নেশাজাত, বিস্ফোরক, বায়োঝুকি বা অন্যান্য নিষিদ্ধ দ্রব্য) বিদেশগামী চালানের মধ্যে চলে যেতে না


পারে। এছাড়াও কোম্পানীর আভ্যন্তরীণ পরিবেশ ও বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ করতে ২৪(চব্বিশ) ঘন্টা কোম্পানীর বিভিন্ন পয়েন্টে নিরাপত্তা কর্মীর মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করা হয়।

17. Internal Audit (ইন্টারনাল অডিট) : Internal audit of different periods is conducted in APS Group. This audit report is reviewed once a year by the Managing Director. এপিএস গ্রুপ এ বিভিন্নভাবে মেয়াদী ইন্টারনাল অডিট পরিচালনা করা হয়। এই অডিট রিপোর্ট বছরে একবার পরিচালনাপর্ষদ কর্তৃক রিভিউ করা হয়।

18. Management Review (ব্যবস্থাপনা পর্যালোচনা) : All the policy & procedures of APS Group are reviewed once a year. Here it is mentionable that if the addition or detachment of the policy and procedures is needed, they are rectified raising in emergency meeting within three days. এপিএস গ্রুপ এর সকল পলিসি ও প্রসিডিউর সমূহ বাৎসরিকভাবে একবার পর্যালোচনা করা হয়। এখানে উল্লেখ্য যে, যদি কোন পলিসি বা প্রসিডিউর এর কোন প্রকার সংযোজন বা বিয়োজনের প্রয়োজন হয় তাহলে তা তিন(০৩) দিনের মধ্যে জরুরী পর্যালোচনা মিটিংয়ে উত্থাপিত করে পলিসি সংশোধন করা হয়।

Conclusion (উপসংহার):

If the top Management feels necessary, in that case they will be able to review this code of conduct. উর্ধ্বতন কতৃপক্ষ যদি প্রয়োজনবোধ করেন সে ক্ষেত্রে এই নীতিমালা পর্যালোচনা করতে পারবেন।

প্রস্তুতকারীর নাম ও স্বাক্ষর	চেক প্রদানকারীর নাম ও স্বাক্ষর	অনুমোদনকারীর নাম ও স্বাক্ষর
		
মো: মনজুরুল হক সহ:ম্যানেজার (এইচ আর এবং কমপ্লায়েন্স)	মেজর এইচএম ফরহাদ (অব:) জিএম(এডমিন, এইচ আর এন্ড কমপ্লায়েন্স)	মো: হাসিব উদ্দিন চেয়ারম্যান।

